ইন্ড্রাসট্রিয়াল ট্যুরে গাজীপুরে গবির ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা

সংগৃহীত ছবি

গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদের ১৭তম ব্যাচের শিক্ষার্থীরা বাস্তব অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে গাজীপুরের শ্রীপুরে অবস্থিত নিউ হোপ ফিড মিল বাংলাদেশ লিমিটেডে শিক্ষা সফরে অংশ নেন। উৎপাদন প্রক্রিয়া, মান নিয়ন্ত্রণ ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের সরাসরি অভিজ্ঞতা শিক্ষার্থীদের শেখাকে সমৃদ্ধ করেছে।

তত্ত্বীয় জ্ঞানকে হাতে-কলমে অভিজ্ঞতার সঙ্গে মিলিয়ে দেখতে গণ বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদের ১৭তম ব্যাচের শিক্ষার্থীরা শনিবার (১৩ সেপ্টেম্বর) নিউ হোপ ফিড মিল বাংলাদেশ লিমিটেডে শিক্ষা সফরে অংশগ্রহণ করেন। গবি অনুষদ ও নিউ হোপ ফিড মিলের যৌথ উদ্যোগে আয়োজন করা এই সফরের মূল উদ্দেশ্য ছিল একাডেমিক ও শিল্প খাতের সহযোগিতা বৃদ্ধি করা।

অ্যাকোয়াটিক ও পোল্ট্রি নিউট্রিশন কোর্সের অংশ হিসেবে অনুষ্ঠিত এ সফরে শিক্ষার্থীরা কাঁচামাল সংগ্রহ, ফর্মুলেশন, মিশ্রণ, পেলেটিং, শুকানো, প্যাকেজিং থেকে শুরু করে বিতরণ পর্যন্ত ফিড উৎপাদনের পূর্ণ প্রক্রিয়া সরাসরি পর্যবেক্ষণ করেন। তারা আধুনিক স্বয়ংক্রিয় উৎপাদন লাইন, ল্যাবভিত্তিক মান নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং আন্তর্জাতিক মানসম্পন্ন হাইজিন প্র্যাকটিস সম্পর্কেও ধারণা লাভ করেন।

সফরটি তত্ত্বাবধান করেন অনুষদের সহকারী অধ্যাপক ডা. মো. জামিনুর রহমান এবং প্রভাষক ডা. শাহানাজ পারভিন। শিক্ষার্থী মো. রাশেদুল ইসলাম এ প্রসঙ্গে বলেন, “শ্রেণিকক্ষে আমরা ফিড ফর্মুলেশন ও নিউট্রিশনের তত্ত্ব শিখেছি, কিন্তু এখানে এসে উৎপাদন প্রক্রিয়া ও মান নিয়ন্ত্রণ সরাসরি দেখার সুযোগ পেয়েছি। এটি আমাদের জন্য দারুণ অভিজ্ঞতা।”

নিউ হোপ ফিড মিলের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর লি চুয়ান মিন মন্তব্য করেন, “ফিড ইন্ডাস্ট্রিতে গত এক দশকে ব্যাপক পরিবর্তন এসেছে, কিন্তু পাঠ্যপুস্তক এখনও সেই তুলনায় পিছিয়ে আছে। তাই শিক্ষার্থীদের বাস্তব অভিজ্ঞতা অর্জন খুবই জরুরি।”

সহকারী অধ্যাপক ডা. মো. জামিনুর রহমান বলেন, “বইয়ের পাশাপাশি শিল্প পর্যায়ের অভিজ্ঞতা শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা ও আত্মবিশ্বাস বাড়ায়, যা ভবিষ্যৎ ক্যারিয়ারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

সফর শেষে নিউ হোপ ফিড মিলের পক্ষ থেকে শিক্ষার্থীদের হাতে উপহার সামগ্রী তুলে দেওয়া হয়। আয়োজকদের এই উদ্যোগ শিক্ষার্থীদের জন্য সফরটিকে আরও স্মরণীয়, অর্থবহ ও একাডেমিকভাবে সমৃদ্ধ করে তোলে।